Department of Education
Chancellor Richard A. Carranza

10 মার্চ, 2020

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটিতে নভেল কোরোনাভাইরাস (COVID-19) সংক্রান্ত চলমান ঘটনাবলীর প্রেক্ষিতে, NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর সকল শিক্ষার্থীর স্বাস্থ্য ও নিরাপত্তা অব্যাহতভাবে আমাদের প্রথম প্রাধান্য রয়েছে। আপনার স্বাস্থ্য সুরক্ষার জন্যে সর্বশেষ তথ্য সহ, সকল শিক্ষার্থী ও পরিবারদের জন্যে গুরুত্বপূর্ণ কিছু আপডেট জানিয়ে আমরা আজকে লিখছি।

আমরা অনেকগুলো পদক্ষেপ গ্রহণ করেছি এবং আমাদের কমিউনিটিকে নিরাপদ রাখতে আপনি অনেক কিছু করতে পারেন। আপনার জন্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেয়া হবে যদি আপনি অসুস্থ হয়ে থাকেন তবে বাড়িতে থাকুন। অনুগ্রহ করে সংযুক্তি দেখুন আপনার কী জানা প্রয়োজন (What you need to know) তথ্যবহুল পৃষ্ঠাটি (ফ্যাক্টশিট) দেখুন [https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/imm/novel-coronavirus-wuhan-factsheet.pdf] (শুধু ইংরেজিতে) এবং সংক্রমণ রোধ করুন (Stop the Spread) ফ্লায়ার [https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/imm/stop-the-spread-poster.pdf] (শুধু ইংরেজিতে) এবং বাড়তি তথ্য পড়ুন।

আমাদের প্রস্তুতি এবং নিয়ম-নীতি

স্কুল পরিষ্কারকরণ + স্বাস্থ্যবিধি

স্কুলগুলোর নিয়ম-নীতি উন্নত করতে আমরা অব্যাহতভাবে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর সাথে ঘনিষ্ঠ অংশীদারিত্বের সাথে কাজ করে যাচ্ছি। এগুলোতে অন্তর্ভুক্ত:

- DOE-এর সকল স্কুল বিল্ডিংয়ে যেন একজন নার্স থাকে তা নিশ্চিত করা;
- গভীরভাবে পরিষ্কার করা প্রতি সপ্তাহে দুইবারে উন্নিত করা, সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) অনুমোদিত জীবানুমুক্তকারী পরিষ্কার করার সামগ্রী দিয়ে সকল সমতল পৃষ্ঠ জীবানুমুক্ত করা;
- সকল স্কুলে যেন পর্যাপ্ত পরিমাণ পরিষ্কার-পরিচ্ছন্ন করার সামগ্রী থাকে তা নিশ্চিত করা, যার ফলে বাথরুমগুলোতে যেন অব্যাহতভাবে সাবান এবং কাগজের টাওয়েল মজুত রাখা যায়।
- যদি কোনও শিক্ষার্থী বা স্টাফ অসুস্থতার লক্ষণ প্রদর্শন করে এবং ডাক্তার এবং/অথবা টেস্টিংয়ের জন্যে নেয়ার আগ পর্যন্ত আলাদাভাবে রাখতে হয়, তাদের জন্যে সকল স্কুলগুলোতে (নাক ও মুখের) মুখোশ সরবরাহ করা; এবং
- সারা দিনব্যাপী নিয়মিত হাত ধোয়ায় জোর উৎসাহ প্রদান করা, বিশেষত খাবারের আগে, এবং প্রয়োজন অনুযায়ী নিয়ম পরিবর্তন করা যেন খাবারের আগে শিক্ষার্থীরা হাত ধুয়েছে তা নিশ্চিত করা যায়।

আন্তর্জাতিক ভ্রমণ

- 2019–2020-এর অবশিষ্ট শিক্ষা বছরের জন্যে শিক্ষার্থী ও স্টাফদের সকল DOE কর্তৃক ব্যয়ভার বহনকারী আন্তর্জাতিক ভ্রমণ বাতিল করা হয়েছে।
- এতে অন্তর্ভুক্ত ভিন্‌দেশে পড়ালেখার (স্টাডি অ্যাব্রড) প্রোগ্রামসমূহ, যেগুলোতে আমন্ত্রিত NYC পরিবারগুলোতে অন্য দেশ থেকে শিক্ষার্থীরা এসে থাকবে ও পড়ালেখা করবে সেজন্যে সময়সূচি করা হয়েছে, এবং যেগুলোতে DOE-এর পাবলিক স্কুলগুলোর শিক্ষার্থীদের অন্য দেশে আমন্ত্রণ জানানো হয়।

উপস্থিতি

NYC Department of Education
Chancellor Richard A. Carranza

পরিবারদের উপস্থিতি এবং অ্যাডমিশন্স সংক্রান্ত উদ্বেগ নিরসনে আমরা অঙ্গীকারবদ্ধ।

- শিক্ষার্থীদের বর্তমান শিক্ষা বছরের (2019-2020) অনুপস্থিতি বর্তমান পঞ্চম এবং অষ্টম গ্রেডের শিক্ষার্থীরা যারা 2020–2021 শিক্ষা বছরে মিডল্ অথবা হাই স্কুলে জন্যে আবেদন করছে তাদের আবেদনে কোনও প্রভাব পড়বে না।
- শিক্ষার্থীদের বর্তমান শিক্ষা বছরের (2019-2020) অনুপস্থিতি বর্তমান চতুর্থ এবং সপ্তম গ্রেডের শিক্ষার্থীরা যারা 2021–2022 শিক্ষা বছরে মিডল্ অথবা হাই স্কুলে জন্যে আবেদন করছে তাদের আবেদনে কোনও প্রভাব পড়বে না।

যদি কোনও শিক্ষার্থী অসুস্থ বোধ করে তাহলে কী হবে?

- যদি কোন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে, জ্বর, কাশি, অথবা শ্বাস কষ্টের অভিযোগ করে, তাকে স্কুল নার্সের কাছে নিয়ে যাওয়া হবে।
- নার্স ঐ শিক্ষার্থীকে মুখে মুখোশ পড়তে বলবে, পিতামাতাকে নিয়ে যাওয়ার জন্যে ফোন করবে, এবং একজন চিকিৎসকের কাছ থেকে নির্দেশাবলী গ্রহণের জন্যে পরামর্শ দেবে।
- শ্বাসকষ্ট জনিত লক্ষণ এবং জ্বর আছে এমন যেকোন শিক্ষার্থীর একটি তত্ত্বাবধানকারীর অধীনে কোন বদ্ধ কামরায়, অন্য শিক্ষার্থীদের কাছ থেকে দূরে থাকা উচিত।

যদি আমার স্কুলে একটি নিশ্চিত COVID-19-এর কেইস থাকে তাহলে কী হবে?

- যদি DOHMH সিদ্ধান্ত নেয় যে স্কুলে তদন্ত, বন্ধ করে দেয়া, অথবা অন্য পদক্ষেপ নিতে হবে তাহলে আপনাকে তাৎক্ষণিকভাবে জানানো হবে।
- নিউ ইয়র্ক স্টেট বক্তব্য অনুযায়ী, যদি স্কুলে একটি নিশ্চিত কেইস (সংক্রমণ) পাওয়া যায়, তাহলে DOHMH তদন্ত করার জন্যে স্কুল 24 ঘন্টা বন্ধ থাকবে এবং বাড়তি সময় বন্ধ রাখতে হবে কিনা তা নির্ধারণ করবে।
- DOHMH, DOE, এবং আপনার স্কুলের অফিশিয়াল বার্তা ব্যাতীত অন্য যেকোন গুজবে কান না দেয়ার জন্যে আপনাকে অনুরোধ করছি।

অদূর ভবিষ্যতে স্কুল বন্ধ সংক্রান্ত আরো তথ্য প্রদান করার জন্যে আমরা স্টেটের সাথে কাজ করছি।

বড় জনসমাবেশ

বর্তমানে, সিটি বড় অনুষ্ঠান অথবা জনসমাগম বাতিল করার পরামর্শ দিচ্ছে না, কিন্তু পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করবে।

- আপনি যদি অসুস্থ হন্, তাহলে বাড়িতে থাকুন।
- আপনার যদি পুরানো অসুস্থতা থাকে যেমন হৃদরোগ, ডায়াবেটিস, শরীরের দুর্বল রোগপ্রতিরোধ ব্যবস্থা, পুরানো ফুসফুসের রোগ, এবং/অথবা ক্যান্সার থাকে, তাহলে অপ্রয়োজনীয় জনসমাবেশ এবং অনুষ্ঠানে অংশগ্রহণ থেকে বিরত থাকুন।

আপনি কী করতে পারেন

জনসমাগম সীমিত রাখুন

- হেঁটে অথবা বাইসাইকেলে কাজে আসুন, যদি সম্ভব হয়।

Department of Education
Chancellor Richard A. Carranza

- যদি ট্রেনে অতিরিক্ত ভীড় থাকে, তবে পরবর্তী ট্রেনটির জন্যে অপেক্ষা করুন।

যদি আপনি অসুস্থ বোধ করেন

- বাড়িতে থাকুন এবং আপনার যদি কাশি, শ্বাস কষ্ট, জ্বর, অথবা গলা ব্যাথা হয় কিন্তু এগুলোতেই সীমাবদ্ধ নয়, তাহলে আপনার ডাক্তারকে ফোন করুন।
- আপনি যদি 24–48 ঘন্টায় ভাল বোধ না করেন, তাহলে ডাক্তারের সেবা গ্রহণ করুন।
- জনসমাগমে যাওয়া থেকে বিরত থাকুন। জ্বর কমিয়ে আনার ঔষধ যেমন টাইলেনল অথবা ইবোপ্রোফেন না নিয়ে অন্তত 72 ঘন্টা জ্বরমুক্ত না হওয়া পর্যন্ত স্কুলে বা কাজে যাবেন না।
- আপনার যদি চিকিৎসা সেবা প্রয়োজন হয়, তাহলে 311-এ ফোন করুন।
- অভিবাসন অবস্থা যাই হোক্ না কেন অথবা অর্থ প্রদানের সক্ষমতা থাকুক বা না থাকুক NYC সেবা প্রদান করবে।

স্বাস্থ্যগত ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্যে বিশেষ নির্দেশনা

- যাদের পুরানো ফুসফুসের রোগ, হৃদরোগ, ক্যান্সার, ডায়াবেটিস, অথবা শরীরের দুর্বল রোগপ্রতিরোধ ব্যবস্থা থেকে থাকে, তাহলে অপ্রয়োজনীয় জনসমাবেশ এবং অনুষ্ঠানে অংশগ্রহণ থেকে বিরত থাকার জন্যে সিটি পরামর্শ দিচ্ছে।
- যদি আপনার পরিবার অথবা বন্ধুবান্ধবের যদি এই শারীরিক অবস্থাগুলো থেকে থাকে, তাহলে যদি আপনি অসুস্থ বোধ করেন তাদের সাথে সাক্ষাৎ করবেন না।

যদি আপনি সম্প্রতি ভ্রমণ করে এসেছেন

যে কেউ ইটালি, ইরান, সাউথ কোরিয়া, জাপান, অথবা চায়না ভ্রমণ করেছেন এবং 4 মার্চ, 2020 তারিখ অথবা এর পরে ফিরে এসেছেন, তাদের ঐ দেশ থেকে আসার পরদিন থেকে 14 দিন কাজ বা স্কুলে না এসে বাড়িতে থাকা এবং অন্যদের সাথে সাক্ষাৎ সীমিত রাখা উচিত।

- যদি সংক্রামিত দেশগুলো থেকে ফিরে আসা ভ্রমণকারীদের জ্বর, কাশি, অথবা শ্বাসকষ্ট হয়, তাহলে তাদের চিকিৎসা প্রদানকারীকে ফোন করা এবং তাদের অসুস্থতার লক্ষণ ও ভ্রমণের ইতিহাসের কথা জানানো উচিত।
- যারা বাড়িতে নিজেদের পর্যবেক্ষণ করছেন, DOHMH একটি সহায়তাকারী ডাক্তারের নোট প্রস্তুত করেছে এবং nyc.gov/coronavirus -সাইটে "Returning Travelers (প্রত্যাবর্তন করা ভ্রমণকারী)"-এর নিচে FAQ লভ্য রয়েছে।

4 মার্চ, 2020 তারিখের আগে যেসব শিক্ষার্থী এবং পরিবার সংক্রামিত দেশগুলো থেকে ফিরে এসেছে, তাদের স্বাস্থ্য পর্যবেক্ষণ করা উচিত; যদি তারা কোন লক্ষণ প্রকাশ করে, তাহলে তাদের উচিত বাড়িতে থাকা এবং তাদের চিকিৎসককে ফোন করা উচিত। সংক্রামিত দেশগুলোর সর্বশেষ তথ্যের জন্যে অনুগ্রহ করে CDC.gov-এর দিকে লক্ষ্য রাখুন: https://www.cdc.gov/coronavirus/2019-ncov/travelers/after-travel-precautions.html -সাইটে (শুধু ইংরেজিতে)।

Department of Education
Chancellor Richard A. Carranza

সংক্রামক ইনফেকশন প্রতিরোধের সাধারণ পদক্ষেপগুলোর চর্চা অব্যাহত রাখুন, এতে অন্তর্ভুক্ত:

- ঘন ঘন সাবান এবং পানি দিয়ে আপনার হাত ধুবেন।
- হাঁচি বা কাঁশির সময় আপনার মুখ ও নাক টিস্যু বা হাতের কনুই দিয়ে ঢেকে রাখবেন।
- হাত না ধুয়ে আপনার মুখমন্ডল ছোঁবেন না।
- কারো সাথে হাত মেলাবেন না। এর পরিবর্তে হাত নাড়ুন অথবা কনুই দিয়ে কনুই স্পর্শ করুন।
- ঠান্ড অথবা ফ্লু-এর লক্ষণগুলোর জন্যে আপনার স্বাস্থ্য সাধারণ সময়ের চেয়ে গভীরভাবে পর্যবেক্ষণ করুন।

কীভাবে নিজেকে অবহিত রাখবেন এবং গুজব প্রতিরোধ করবেন

নিউ ইয়র্ক সিটিতে কোরোনাভাইরাস সংক্রান্ত সর্বশেষ ঘটনা সম্পর্কে নিয়মিত আপডেট পেতে 692-692 নাম্বারে COVID লিখে টেক্সট করুন। আপনি সর্বশেষ খবর এবং পরিস্থিতি সম্পর্কে নিয়মিত SMS পাবেন।

- আরো তথ্যের জন্যে এই চিঠির সাথে দেয়া What You Need to Know (আপনার কী জানা প্রয়োজন) তথ্যবহুল পৃষ্ঠাটি (শুধু ইংরেজিতে) [https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/imm/novel-coronavirus-wuhan-factsheet.pdf] -সাইটে অনুগ্রহ করে পড়ুন।
- এই সমস্যা সংক্রান্ত কুসংস্কার এবং গুজব প্রতিহত করার পাশাপাশি গুরুত্বপূর্ণ আপডেট পেতে nyc.gov/coronavirus - সাইটে যেকোন সময় ভিজিট করুন।

আমরা সিটির সকলে একযোগে কাজ করা এবং প্রতিবেশী ও নিউ ইয়র্কবাসী হিসেবে এই সময় একে অন্যকে সহায়তা করা গুরুত্বপূর্ণ। COVID-19 সকল বর্ণ এবং জাতীয়তার মানুষের মধ্যেই পাওয়া যেতে পারে, এবং আমরা সকলে অন্তর্ভুক্তি অনুশীলন করা এবং আমাদের কার্যস্থান ও কমিউনিটিতে গুজব প্রতিহত করতে একযোগে কাজ করা উচিত।

আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুরক্ষা অব্যাহতভাবে আমাদের প্রধান প্রাধান্য হিসেবে থাকবে, এবং আমরা অব্যাহতভাবে সকল নির্দেশনা অনুসরণ করবো ও সেই অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ, এবং আমাদের পরিবারদের সাথে নিয়মিতভাবে যোগাযোগ রক্ষা করবো।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

Department of Education
Chancellor Richard A. Carranza

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন